উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

ফেব্রুয়ারি/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ২৪/২/২০২২ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা নির্বাহী অফিসার ,শান্তিগঞ্জ উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিযদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- |
| ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- |
| ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ডিসেম্বর/২০২১ মাসের আনুষাঙ্গিক বিল.ভ্যাটসহ | ৫০০০/- |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ডিসেম্বর/২০২১ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ডিসেম্বর/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২১ মাসের মজুরী বিল । | ১৬৫০০/- |
| ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২১ মাসের মজুরী বিল । | ১৬৫০০/- |
| ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর ডিসেম্বর/২০২১ মাসের মজুরী বিল । | ১৬৫০০/- |

| | | | |
|---|---|---|---|
| ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর ডিসেম্বর/২০২১ মাসের মাসের মজুরী বিল | ১৬৫০০/- | |
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- | |
| ১৩ | উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- | |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য ডিসেম্বর/২০২১ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- | |

<u>বিভাগওয়ারী আলোচনাঃ</u>

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, সকল ইউনিয়নের রাস্তা অদ্যাবধি রোড আইডি পড়ে নি, সে সকল রাস্তার আইডির জন্য জরুরী ভিত্তিতে রাস্তার নামের তালিকা প্রেরণের জন্য সভায় ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন।পাথারিয়া বাজারের রোড আইডি জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার হাটবাজারের উন্নয়নমূলক কাজের অগ্রগতির বিষয়ে জানানোর জন্য অনুরোধ করেন। এ বিষয়ে তিনি জানান যে, আক্তাপাড়া মীনা বাজারের কার্যক্রম প্রায় শেষ এবং অন্যান্য বাজারের উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে তাদের সংশ্লিষ্ট এলাকার সকল রাস্তার সমন্বিত তালিকা প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।<br><br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, পাথারিয়া বাজার থেকে উপজেলা পরিষদ হতে সবচেয়ে বেশি রাজস্ব পেয়ে থাকে। এছাড়া পাথারিয়া বাজার একটি ঐতিহ্যবাহী বড় বাজার। এ বাজারে উন্নয়নমূলক কাজের গুণগত মান বজায় রেখে উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন। শান্তিগঞ্জ –রজনীগঞ্জ রাস্তা ২৪ ফুট প্রশস্তকরণের কাজও শুরু হবে কিন্তু এর দুইপাশে বেশ পুরাতন কিছু গাছ থাকার কারণে কাজ করতে সমস্যায় পরতে হবে। গাছসমূহ কাটার ব্যবস্থা করা খুব দরকার। | ১। ইউনিয়ন সমূহের সকল রাস্তার সমন্বিত তালিকা প্রেরণ করতে হবে।<br><br>২। শান্তিগঞ্জ –রজনীগঞ্জ রাস্তার গাছ কর্তনের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩। মার্চ মাসের মধ্যে বাজারসমূহের উন্নয়ন কাজ সম্পন্ন করতে হবে।<br>৪। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br><br>২। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br><br>৩। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষে কাবিটা কর্মসূচীর আওতায় ৩য় পর্যায়ে ভূমিহীন ও গৃহহীন পরিবারের দুর্যোগ সহনীয় বাস গৃহ নির্মাণ প্রকল্প প্রক্রিয়াধীন। বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ প্রকল্পের আওতায় দরগাপাশা ইউনিয়নে ঈশাখপুর শ্রীরামপুর বন্যা আশ্রয় কেন্দ্র ওপূর্ব পাগলা চুড়খাই উচ্চ বিদ্যালয়ে বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ প্রকল্প | ১। চলমান প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে শতভাগ কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | কাজ চলমান। মুজিব কিল্লা নির্মাণ সংস্কার ও উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় জয়কল ইউনিয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। | | |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, ০৪ টি ইউনিয়ন পরিষদে পাইপলাইনের মাধ্যমে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা হবে। ডুংরিয়া গ্রামে প্রকল্পটি চলমান এবং শিমুলবাক ইউনিয়নে প্রকল্প গ্রহণ কর হবে। | ১) নির্মাণ কাজে যেন নিম্ন মানের সামগ্রী ব্যবহার করা না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।<br>২) ছোট পানির ট্যাংক নির্মাণ করার নিমিত্তে জায়গা নির্ধারণ করতে হবে। | ১) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে,হাওরে বোরো আবাদ সম্পন্ন হয়েছে। সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ জানান যে, দেখার হাওরে অধিকাংশ জমির ফসল হলুদে ভাব দেখা যাচ্ছে। এ বিষয়ে কৃষকদেরকে সঠিক পরামর্শ দেওয়ার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা,শান্তিগঞ্জ জানান যে এ বিষয়ে সংশ্লিষ্ট উপ-সহকারী কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন উপ-সহকারী কর্মকর্তাদেরকে স্ব-স্ব ইউনিয়নের আওতাধীন ফসল রক্ষা বাধের কাজের অগ্রগতির প্রতিবেদন জরুরী ভিত্তিতে প্রেরণ করতে হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ১) কৃষকদের সঠিক পরামর্শ প্রদানের মাধ্যমে বোরো আবাদের ফসল উৎপাদন বৃদ্ধি করতে হবে।<br>২) ফসল রক্ষা বাধ নির্মাণ কাজ তদারকি করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে,উপজেলা মৎস্য অফিসের আওতাধীন ০৩ টি প্রকল্প চলমান রয়েছে। জলাশয় সংস্কার প্রকল্পের আওতায় ০৫ টি প্রকল্প চলমান রয়েছে। এছাড়া হাওরের পানি সঠিক সময়ে ছেড়ে না দেওয়ার কারণে মাছের প্রজনন কমে যাচ্ছে ফলে দেশীয় মাছের পরিমাণ দিন দিন কমে যাচ্ছে। এ বিষয়ে চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, নির্দিষ্ঠ সময়ে হাওর রক্ষা বাধ কেটে দিতে হবে এবং বিল/জলমহাল শুকিয়ে মৎস্য নিধনে উপজেলা প্রশাসনকে কঠোর আইনি পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। উপজেলা পরিষদ ভবনের উপজেলা মৎস্য অফিস ও উপজেলা সমবায় অফিসের বিদ্যু বিল মাত্রাতিরিক্ত আসার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে কনসীল ওয়্যারিং বিচ্ছিন্ন করে দেওয়ালের উপরে ওয়ারিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.প্রকল্পগুলো যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২.উপজেলা মৎস্য অফিস ও উপজেলা সমবায় অফিসে বিদ্যু সংযোগের জন্য পুনরায় ওয়ারিং করতে হবে। | ১.উপজেলা মৎস্য অফিস, শান্তিগঞ্জ।<br>২. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সাধারণত গর্ভবতী মায়েদের ডেলিভারীর আগে ০৪ টি চেক আপ ও ডেলিভারীর পরে ০৪ টি চেক আপ করা বাধ্যতামূলক। এ বিষয়টি মাঠকর্মীদের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১) প্রতি মাসে সামগ্রিক কর্মকান্ডের একটি পরিসংখ্যান সভায় উপস্থাপন করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গৃহপালিত পশু পাখির এ ধরণের রোগ বালাই দেখা দিলে সাথে সাথে অত্র অফিসকে অবহিত করার | ১) ইউপি চেয়ারম্যাবৃন্দের সহায়তায় বিভিন্ন ইউনিয়নে টীকাদান | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার নির্দেশনা প্রদান করেন যে, আগামী মাসিক সভার পূর্বেই ০৮ টি ইউনিয়ন পরিষদে ইউপি চেয়ারম্যানবৃন্দের সাথে সমন্বয় করে ক্যাম্প পরিচালনার মাধ্যমে গবাদিপশুকে ভ্যাকসিন প্রদান করতে হবে। | ক্যাম্প পরিচালনা করতে হবে।<br>২) | |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলার পূর্ব বীরগাও, পশ্চিম বীরগাও, দরগাপাশা ইউনিয়নের কয়েকটি বিদ্যালয়ের প্রটেকশন দেওয়াল তৈরি না করলে বিদ্যালয়ের মূলভবন ধসে পড়ার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে সরজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | ১. যে সকল প্রাথিমক বিদ্যালয়ে প্রটেকশন দেওয়াল তৈরি করতে তা সরেজমিন পরিদর্শন করে একটি তালিকা তৈরি করতে হবে । | ১. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ ও উপজেলা শিক্ষা কর্মকর্তা,শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ শুরুতেই ইউএনও কে ধন্যবাদ জ্ঞাপন করেন মাধ্যমিক শিক্ষকদের মানোন্নয়নে প্রশিক্ষণের ব্যবস্থা করায়। সভাকে অবহিত করেন যে, সকল শিক্ষার্থীকে করোনার টীকা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায় তিনি জানান যে, ৫০তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্টানে উপজেলা পর্যায়ে শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতা সম্পন্ন করা হয়েছে। ০৬ষ্ঠ শ্রেনীতে ভর্তির ক্ষেত্রে জন্ম সনদ ও প্রশংসাপত্র বাধ্যতামূলক করা গেলে জন্ম সনদের বিষয়ে ভবিষ্যৎতে জঠিলতা এড়ানো যাবে মর্মে সভায় আলোচনা হয় । | ১. শিক্ষার্থীদের অনলাইন জন্ম নিবন্ধনের সহযোগিতা করতে হবে এবং ভ্যাকসিন গ্রহণ ও ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতা করতে হবে।<br>২। মান সম্পন্ন শিক্ষা নিশ্চিতকল্পে মনিটরিং কার্যক্রম বাড়াতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান, শান্তিগঞ্জ (সকল) |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, বঙ্গবন্ধু মডেল ভিলেজ ডুংরিয়া পাইলট প্রকল্পের আওতায় সমবায় সমিতি গঠনের নির্দেশনা পাওয়া গেছে। ইতিমধ্যে সমিতি গঠনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অত্র উপজেলায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা প্রকল্প নামীয় আরও একটি প্রকল্প পাওয়া গেছে। সভায় তিনি বলেন জলমহাল শুকিয়ে মৎস্য নিধণ করার ফলে মৎস্য সম্পদ বিনষ্ট হয়ে যাচ্ছে। জলমহাল ইজারা প্রদানের সময় সমিতিকে জলমহালের সামনে সতর্কতামূলক বাণী সম্বলিত সাইনবোর্ড প্রদর্শনের জন্য নির্দেশনা দেওয়া যেতে পারে। সাইনবোর্ডে আইন আমান্যকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ও আইন প্রয়োগকারী সংস্থার মোবাইল নাম্বার প্রদর্শন বাধ্যতামূলক করার জন্য সুপারিশ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, সমবায় সমিতি নিবন্ধন করার সময় তাদেরকে সমিতির আইন কানুন ও হলফনামায় করার সময় এ বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য সমবায় অফিসার কে নির্দেশনা প্রদান করেন। | ১.বঙ্গবন্ধু মডেল ভিলেজ ডুংরিয়া পাইলট প্রকল্পের কাজ সরকারি নির্দেশনা মেনে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২। জলমহালের সামনে বিল শুকিয়ে মৎস্য নিধন না করার জন্য সতর্কতামূলক সাইনবোর্ড প্রদর্শন করতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ<br>৩.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, ১০ টাকা কেজি চাউল এর উপকারভোগীদের হালনাগাদ তালিকা ০৩ টি ইউনিয়ন হতে পাওয়া গেছে। জরুরী ভিত্তিতে তালিকা প্রেরণের জন্য সভায় চেয়ারম্যান ইউপিকে অনুরোধ করেন। এ বিষয়ে ইউপি | ১০ টাকা কেজি চালের উপকারভোগীদের তালিকা হালনাগাদ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | চেয়ারম্যানগন সভায় অনুরোধ করেন যে, পূর্বের তালিকায় উপকারভোগীদের তথ্য গড়মিল রয়েছে। নতুন তালিকা দাখিলের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ জানান যে, নীতিমালা মোতাবেক তালিকা সংশোধন করতে হবে। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ জানান যে, ১০ টাকা কেজি চাউলের তালিকার ব্যাক্তিবর্গ অনেকেই ইতিমধ্যে বিদেশ চলে গেছেন, অনেকেই স্বচ্ছল হয়ে গেছেন এবং অনেকেই মারা গেছেন। তালিকা হালনাগাদ জরুরী। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুস্পস্থিত ছিলেন। তার পরিবর্তে চেইনম্যান জানান তাদের কোন কর্মকান্ড চলমান নেই। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, শান্তিগঞ্জ উপজেলা সংক্রান্ত জরিপের অফিস কপি উপজেলা পরিসংখ্যান অফিসে নেই মর্মে জানান। বিষয়টি বোধগম্য নই। এ বিষয়ে উর্দ্ধতন কর্মকর্তার সাথে আলোচনা করতে হবে। | শান্তিগঞ্জ উপজেলা সংক্রান্ত সকল পরিসংখ্যান সংগ্রহ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কোন সিদ্ধান্ত নেই | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ এর পক্ষে জনাব হাসান কবির, উপজেলা শিশু অধিকার বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে মাতৃত্বকালীন অন্তর্ভূক্তিকরণের তালিকার কাজ বন্ধ রয়েছে। আগামী জুলাই/২০২২ থেকে যথারীতি কার্যক্রম শুরু হবে। এ বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। নীতিমালা মোতাবেক কেবল মাত্র ০২ টি সন্তানের বেলায় মার্তৃত্বকালীন ভাতা প্রযোজ্য। কিন্তু অধিকাংশ ইউনিয়ন হতে একাধিক সন্তান এর মায়ের জন্য এ ভাতার আবেদন প্রেরণ করেন এ বিষয়ে নীতিমালার আলোকে প্রস্তাব প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদে ট্যাগ অফিসারের উপস্থিতিতে ভিজিডির চাউল বিতরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | ১.নীতিমালা মোতাবেক কেবল মাত্র ০২ টি সন্তানের বেলায় মার্তৃত্বকালীন ভাতার প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>২.ট্যাগ অফিসারের উপস্থিতিতে ভিজিডির চাউল বিতরণ করতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান,শান্তিগঞ্জ। |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ শান্তিগঞ্জ সভায় জানান যে, তার অফিসের দরজাটি ভেঙ্গে গেছে। অফিসের কম্পিউটার সামগ্রী ও জরুরী ফাইলপত্র চুরি হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করেন। এ ছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জরুরী ভিত্তিতে দরজা মেরামত করতে হবে। | উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ শান্তিগঞ্জ সভায় জানান যে, অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার ,শান্তিগঞ্জ জানান যে, মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচীর বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। অনুষ্ঠানে বর্তমান সরকারের সাফল্য ও উন্নয়নের তথ্য চিত্র তুলে ধরতে হবে। এ বিষয়ে সরকারি নির্দেশনামতে ০১/০৩/২০২২ খ্রি ওয়ার্ড পর্যায়ে এবং ০৩/০৩/২০২২ খ্রিঃ ইউনিয়ন পর্যায়ে কর্মসূচী গ্রহণপূর্বক সচিব মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবরে সচিত্র প্রতিবেদন প্রেরণের জন্য কমিটির সদস্য সচিব, উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জকে অনুরোধ করেন।<br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ জানান যে, পাগলা বাজারে উত্তর দিকে বাজারের প্রবেশপথ থেকে শুরু করে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স পর্যন্ত রাস্তার সকল ব্যবসায়ীগণ তাদের নিজ নিজ দোকানের সামনের রাস্তার অংশ দখল করে ব্যবসা পরিচালনা করে আসছেন এবং ময়লা আবর্জনা রাস্তায় স্তুপ করে রাখেন। সামান্য বৃষ্টি হলে পাগলা বাজারের ভিতরের রাস্তা কাদা লেগে থাকে এবং চলাচলের অনুপযোগী হয়ে পরে। পাগলা বাজারে ব্যবসায়িক কমিটি করে তাদের নিজ দায়িত্ব বাজার পরিস্কার ও রাস্তার উপর ছামিয়ানা টাংগিয়ে দোকানপাঠ বসানো থেকে বিরত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদ জানান যে, শীঘ্রই বাজার কমিটি করা হবে এবং বাজার ইজারা গ্রহীতাদেরকে এ বিষয়ে উপজেলা প্রশাসনের পক্ষ হতে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, পাগলা বাজারে সবজি শেডের কার্যক্রম চলমান রয়েছে। রাস্তার পাশের মাছ ব্যবসায়ী ও সবজি ব্যবসায়ীদেরকে নির্ধারিত স্থানে বসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>(গ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ জানান যে, জামখলা হাওরের বাধ কেটে পানি শুকিয়ে মাছ নিধণের ফলে হাওর রক্ষা বাধঁটি ঝুকিপূর্ণ হয়ে পড়েছে। ফলে জামখলা হাওরে ফসল কৃষকের ফসলের ব্যপক ক্ষতি হতে পারে। এ বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়।<br>(ঘ) সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, অত্র উপজেলায় ০৮ টি ইউনিয়নে প্রায় ১৫-১৬ হাজার জন্মনিবন্ধনের আবেদন পেন্ডিং রয়েছে। এ বিষয়ে সভায় ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবগণকে আগামী মাসিক সভার পূর্বেই আবেদন নিস্পত্তি করে প্রতিবেদনসহ উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১. সরকারি নির্দেশনামতে ০১/০৩/২০২২ খ্রি ওয়ার্ড পর্যায়ে এবং ০৩/০৩/২০২২ খ্রিঃ ইউনিয়ন অনুষ্ঠান সম্পন্ন করতে হবে।<br>২. ব্যবসায়িক কমিটি ও বাজার কমিটি গঠন করতে হবে।<br>৩. জামখলা হাওরের বাধঁটি জরুরী ভিত্তিতে মেরামত করতে হবে।<br>৪. জন্ম নিবন্ধন পেন্ডিং আবেদন নিস্পত্তি করতে হবে। | ১. উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ।<br>২. সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সদস্য(সকল) শান্তিগঞ্জ।<br>৩. উপজেলা প্রশাসন,শান্তিগঞ্জ ও চেয়ারম্যান, পশ্চিম পাগলা<br>৪. উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড,শান্তিগঞ্জ।<br>৫.চেয়ারম্যান ইউপি(সকল) শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (ঙ) সভায় চেয়ারম্যান, পশ্চিম বীরগাও জানান যে, পশ্চিম বীরগাও ইউনিয়ন পরিষদের বাথরূমটি ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। সরকারি সেবা নিতে আসা জনগণ ও ইউনিয়ন পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণ স্থানীয় প্রতিবেশীদের বাড়ির বাথরূম ব্যবহার করতে হয়। ফলে বিভ্রত অবস্থায় পড়তে হয়। এ বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। এ ছাড়া তিনি জানান যে, বিল শুকিয়ে মাছ আহরণ না করার জন্য জনগণকে সচেতন করার লক্ষে ইউনিয়ন পর্যায়ে সভার করার অনুরোধ জানান। | ৫.পশ্চিম বীরগাও ইউনিয়ন পরিষদের বাথরূমটি ব্যবহারযোগ্য করতে হবে। | ৬. উপজেলা প্রকৌশলী, ও চেয়ারম্যান, পশ্চিম বীড়গাও ইউপি, শান্তিগঞ্জ। |
| | | (চ) সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, সরকারি হাট বাজারসমূহের ব্যবস্থাপনা,ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ২.৭ অনুচ্ছেদ অনুযায়ী ১৪২৮ বাংলা সনের হাটবাজার ইজারা বিজ্ঞপ্তিটি ১৬/০২/২০২১ তারিখ **“দৈনিক আমাদের সময়”** ও ১৭/০২/২০২১ তারিখে **“দৈনিক সুনামগঞ্জের খবর”** পত্রিকায় প্রকাশিত হয়। উক্ত বিজ্ঞাপন বিল বাবদ “দৈনিক আমাদের সময়” পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ ভ্যাটসহ ১৫,৫২৫/-(পনের হাজার পাচশত পচিশ) টাকা মাত্র এবং “দৈনিক সুনামগঞ্জের খবর” পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ ভ্যাটসহ ৮২১১/ ( আট হাজার দুইশত এগার) টাকার ও হাট বাজার দরপত্র প্রস্তুত/আনুষাঙ্গিক বাবদ ভ্যাটসহ ১৮,৬৫০/-টাকার বিল সরকারি হাট বাজারসমূহের ব্যবস্থাপনা,ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ২.৪ অনুচ্ছেদ অনুযায়ী বিল পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৬. সরকারি হাট বাজারসমূহের ব্যবস্থাপনা,ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ২.৭ অনুচ্ছেদ অনুযায়ী ১৪২৮ বাংলা সনের হাটবাজার ইজারা বিজ্ঞাপন বিল ও অন্যান্য বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ৭. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ। |
| | | (ছ) অপ্রত্যাশিত খাতে ব্যয় সংক্রান্তঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, দেশের এক কোটি মানুষকে ২৬/০২/২০২২ খ্রিঃ শনিবার করোনাভাইরাসের প্রথম ডোজ টিকা দেওয়া হবে। টিকা পেতে কোনো ধরনের নিবন্ধন কিংবা কাগজপত্র লাগবে না। জন্মনিবন্ধন বা জাতীয় পরিচয়পত্র নেই, এমন ব্যক্তিরাও অত্র উপজেলার ০৮ ইউনিয়নের নির্ধারিত কেন্দ্রগুলোতে গিয়ে টিকা নিতে পারবেন। প্রতিটি ইউনিয়নে নির্ধারিত টিকাকেন্দ্রের বাইরেও ভ্রাম্যমাণ দল (তাঁরাও টিকা দেবেন) থাকবে। লোকজনকে টিকা নিতে উদ্বুদ্ধ করতে গত কয়েক দিন মাইকিং, গণবিজ্ঞপ্তিসহ বিশেষ প্রচার চালানো হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদেরকে টিকা প্রদান নিশ্চিত করতে উপজেলা শিক্ষা অফিসার/মাধ্যমিক শিক্ষা অফিসারকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা শিক্ষা অফিসার ও ইউপি চেয়ারম্যানবৃন্দ আলোচনা করেন যে, দূরবর্তী স্কুল কলেজের শিক্ষার্থীদেরকে উপজেলা পরিষদের পক্ষ হতে যাতায়তের ব্যবস্থা করা গেলে শিক্ষার্থীদেরকে টিকা গ্রহণে আরও আগ্রহী করা তোলা যাবে। এ বিষয়ে সভার চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ জানান দূরবর্তী স্কুল/কলেজ/মাদ্রাসার শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হবে এবং উপজেলা পরিষদের পক্ষ হতে যাতায়তের ব্যবস্থা গ্রহণ | ৭. দূরবর্তী স্কুল/কলেজ/মাদ্রাসার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন বুথ/সেন্টার/স্বাস্থ্য কমপ্লেক্সে যাতায়ত বাবদ পরিবহন ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ঘ) এর আলোকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ৮. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | করা হবে। যাতায়ত বাবদ পরিবহন ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ঘ) এর আলোকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br>(জ) অপ্রত্যাশিত খাতে ব্যয় সংক্রান্তঃ সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ জানান যে, জনাব বাউল লাল শাহ্, পিতা-আবদুল কুদ্দুছ, মাতা, ছায়াতুননেসা, সাং- উজানীগাও, শান্তিগঞ্জ সড়ক দুর্ঘটনায় মারাত্নকভাবে আহত হন। সে আমার জানামতে আর্থিকভাবে অসচ্ছল ব্যাক্তি। চিকিৎস্য ব্যয়ভার বহন করার মত আর্থিক সামর্থ্য তার নাই।চিকিৎস্য সহায়তার জন্য তার আবেদনটি উপজেলা পরিষদের সভায় অনুমোদনের বিষয়ে আলোচনা করা হয় এবং সড়ক দুর্ঘটনায় মারাত্নকভাবে আহত ব্যাক্তি জনাব বাউল লাল শাহ্, পিতা-আবদুল কুদ্দুছ, মাতা, ছায়াতুননেসা, সাং- উজানীগাও, শান্তিগঞ্জকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ঘ) এর আলোকে ১০,০০০/-(দশ হাজার) টাকা অনুদান প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | ৮. সড়ক দুর্ঘটনায় মারাত্নকভাবে আহত ব্যাক্তি জনাব বাউল লাল শাহ্, পিতা-আবদুল কুদ্দুছ, মাতা, ছায়াতুননেসা, সাং- উজানীগাও, শান্তিগঞ্জকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ঘ) এর আলোকে ১০,০০০/-(দশ হাজার) টাকা অনুদান প্রদান করতে হবে। | ৯. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

24/2/2022

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৯১১.০০০.১১.০৩৬.২১- ৫১(৫০)

তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৭. উপজেলা .................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৮. চেয়ারম্যান ................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা.................................................................................................

24/02/22

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ